

নং- ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬.০০.২০১০/২০৭

তারিখ ১৪ শ্রাবণ ১৪২৮  
২৯ জুলাই ২০২১

বিষয় : করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য আগামী ৩১/৮/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত সকল ধরনের সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেন বন্ধ রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে ইতোপূর্বে ৩০/৬/২০২১ তারিখে জারিকৃত স্মারক নং- ৩৮.০০৭.০৩৩.০০৪.৪৬.০০.২০১০/১৯০ এর নির্দেশনা মোতাবেক প্রদত্ত ছুটির অনুবৃত্তিক্রমে আগামী ৩১/৮/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত সকল ধরনের সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেন বন্ধ থাকবে। এ সময়ে নিজেদের এবং অন্যদের করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সুরক্ষার লক্ষ্যে শিক্ষার্থীগণ নিজ নিজ বাসস্থানে অবস্থান করবে।

- ০২। এই সময়ে অনলাইন শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে। এ সময়ে শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা ও অনুশাসনসমূহ মেনে চলবেন।
- ০৩। শিক্ষার্থীদের বাসস্থানে অবস্থানের বিষয়টি অভিভাবকবৃন্দ নিশ্চিত করবেন এবং স্থানীয় প্রশাসন তা নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন। বর্ণিত সময়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ তাঁদের নিজ নিজ শিক্ষার্থীগণ যাতে বাসস্থানে অবস্থান করে নিজ নিজ পাঠ্যবই অধ্যয়ন করে সে বিষয়টি সংশ্লিষ্ট অভিভাবকদের মাধ্যমে নিশ্চিত করবেন।

২৯/৭/২০২১  
নাজমা শেখ  
উপসচিব

ফোন: ০২-৯৫১১০৭৩

ইমেইল: [dss.mopme@gmail.com](mailto:dss.mopme@gmail.com)

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৮. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৯. অফিস কপি।